

## আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৩৩

আরবি মূল আয়াত:

كَأَنَّهُ جُمِلَتْ صُفْرًا ﴿٣٣﴾

অনুবাদসমূহ:

তা যেন হলুদ উষ্ট্রী। — আল-বায়ান

যেন হলুদ রঙ্গের উটের সারি, — তাইসিরুল

উহা পীতবর্ণ উষ্ট্রশ্রেণী সদৃশ। — মুজিবুর রহমান

As if they were yellowish [black] camels. — Sahih International

৩৩. তা যেন পীতবর্ণ উটের শ্রেণী(১),

(১) অর্থাৎ জাহান্নামের প্রত্যেকটি স্ফুলিঙ্গ প্রাসাদের মত বড় হবে। আর যখন এসব বড় বড় স্ফুলিঙ্গ উত্থিত হয়ে ছড়িয়ে পড়বে এবং চারদিকে উড়তে থাকবে তখন মনে হবে যেন কালো কিছুটা হলুদ বর্ণের উটসমূহ লক্ষ্য রাখছে। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

(৩৩) ওটা হলুদ বর্ণ উটদলের মত। [1]

[1] أَصْفَرٌ হলُ صُفْرٌ এর বহুবচন (হলুদ বর্ণ)। কিন্তু আরবদের নিকট এর ব্যবহার কালো অর্থেও হয়ে থাকে। এই দিক দিয়ে অর্থ হবে, তার এক একটি স্ফুলিঙ্গ এত বড় হবে, যেমন অট্টালিকা বা দুর্গ। আবার প্রত্যেক স্ফুলিঙ্গের আরো অনেক বড় বড় খন্ড হবে, যেমন হয় উট।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5655>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন